

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 02 May, 2025

আমাদের রাজনীতি ও সমাজব্যবস্থায় নৈতিকতার চর্চা কমে গেছে। রাজনীতিবিদ ও সরকারি কর্মকর্তাদের মধ্যে জনসেবার মনোভাব ফিরিয়ে আনতে হবে। কেবল আইন প্রণয়ন করলেই হবে না, এগুলোর যথাযথ প্রয়োগ নিশ্চিত করাও জরুরি। এমনটি বলেছেন মাসুদ সাঈদী।

রাজধানী ঢাকার ডেমরা কোনাপাড়ার আদর্শবাগ আলী মোহাম্মদ রোডের নলেজ একাডেমিক কেয়ারসংলগ্ন মাঠে সন্ত্রাস ও দুর্নীতিমুক্ত আধুনিক ও বাসযোগ্য পিরোজপুর গঠনের লক্ষ্যে ঢাকার কোনাপাড়া, ডেমরা, স্টাফ কোয়ার্টার এলাকায় বসবাসরত সম্মানিত পিরোজপুরবাসীর সৌজন্যে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মাসুদ সাঈদী এসব কথা বলেন।

তিনি বলেন, একটি সমৃদ্ধ ও ন্যায্যভিত্তিক রাষ্ট্র গঠনের জন্য মৌলিক কিছু সংস্কার প্রয়োজন, যা এখন সময়ের দাবি। জনগণের ভোটাধিকার পুনঃপ্রতিষ্ঠা, ন্যায্যবিচার নিশ্চিত করা এবং সামাজিক মূল্যবোধকে পুনর্জাগরণ করাই আমাদের অগ্রাধিকার হওয়া উচিত।

বাংলাদেশের জন্ম হয়েছিল সাম্য, মানবাধিকার ও গণতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে; কিন্তু আজও আমরা সেই স্বপ্নের বাস্তবায়ন থেকে দূরে রয়েছি। রাজনীতির বিভাজন, সামাজিক অসহিষ্ণুতা ও বিচারহীনতার সংস্কৃতি আমাদের অগ্রযাত্রাকে বারবার থামিয়ে দিয়েছে।

মাসুদ সাঈদী বলেন, বাংলাদেশের মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণে আমাদের ঐক্যবদ্ধ প্রচেষ্টা জরুরি। রাজনীতিকে মানুষের কল্যাণে নিবেদিত করাই হবে আমাদের প্রধান লক্ষ্য। শুধুমাত্র একটি ন্যায্যসঙ্গত, সমতাভিত্তিক ও গণতান্ত্রিক রাষ্ট্রই পারে আমাদের সব বিভাজন দূর করে একটি শান্তিপূর্ণ বাংলাদেশ গড়তে; দেশের সব শ্রেণি-পেশার মানুষকে ঐক্যবদ্ধ হয়ে মৌলিক সংস্কারের পক্ষে দাঁড়াতে হবে। ব্যক্তিগত ও রাজনৈতিক স্বার্থের উর্ধ্বে উঠে দেশকে এগিয়ে নিতে হবে। রাষ্ট্রের প্রতিটি স্তরে জবাবদিহিতা নিশ্চিত করতে হবে, যাতে কেউ আইনের উর্ধ্বে না থাকে।

জিয়ানগর একতাবদ্ধ সংগঠনের প্রধান উপদেষ্টা, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক হাজী এটিএম মোস্তাক আহমেদের সভাপতিত্বে ও নাগরিক ফোরামের সহ-সম্পাদক সিরাজুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠিত মতবিনিময় সভায় আরও বক্তব্য রাখেন- জামায়াতের পিরোজপুর জেলা নির্বাচন পরিচালনা কমিটির পরিচালক মো. হাবিবুর রহমান, যাত্রাবাড়ী (পূর্ব) থানা আমির মাওলানা মিজানুর রহমান মালেক, যাত্রাবাড়ী (পশ্চিম) থানা আমির মো. শাহজাহান খান, যাত্রাবাড়ী (পূর্ব) থানা নায়েবে আমির হাফেজ মাওলানা মুজাহিদুল ইসলাম, শামসুল হক স্কুল অ্যান্ড কলেজের (ইংরেজি বিভাগ) প্রধান মো. নজরুল ইসলাম।

উপস্থিত ছিলেন- ডেমরা পাড়াডাঙার সমাজ কল্যাণ পরিষদের সভাপতি আক্তারুজ্জামান খান রুবেল, যাত্রাবাড়ী থানার বিশিষ্ট সমাজসেবক মো. সাখাওয়াত হোসেন সাকু, ইন্দুরকানী নাগরিক ফোরামের সহ-সভাপতি মো. আল আমিন, মোরশেদুজ্জামান জাকির, ফোরামের সেক্রেটারি কামরুল ইসলাম শিপন, নেছারাবাদ ফোরামের সেক্রেটারি ফেরদৌস রুমি, পিরোজপুর সমিতির সেক্রেটারি মো. মিরাজুল ইসলাম, নাগরিক ফোরামের সহ-সম্পাদক বদরুজ্জামান সোহেল, বিশিষ্ট সমাজসেবক মহিবুল্লাহ বায়েজিদ, মো. ফোরকান উদ্দিন খাঁন, মো. শাহজাহান বেপারি, মো. ফিরোজ, মো. আব্দুস সোবহান, মো. মুসা আদনান, মো. আসাদুল ইসলাম প্রমুখ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 20:14

URL: <https://timestodaybd.com/politics/8708481795>